



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪২৪

তারিখঃ ২৪-১-০২/২০২০খ্রিঃ

বিষয় : PEDP-4/GPS-1/NNGPS-1 প্রকল্পের আওতায় প্রকল্পের শুরু হতে সেপ্টেম্বর ২০২০ পর্যন্ত ওয়াশব্লক নির্মাণ ও পানির উৎস স্থাপন কাজের বিদ্যালয় ভিত্তিক ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাথমিক শিক্ষা ইউনিট কর্তৃক PEDP-4/GPS-1/NNGPS-1 প্রকল্পের আওতায় সমগ্র বাংলাদেশে বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক নির্মাণ ও পানির উৎস স্থাপন কাজ চলমান আছে। চলমান কাজের সেপ্টেম্বর ২০২০ পর্যন্ত ওয়াশব্লক নির্মাণ ও পানির উৎস স্থাপন কাজের ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন সংযুক্ত হকে প্রয়োজনীয় সকল তথ্য পূরণ পূর্বক আগামী ৩০/০৯/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে অত্র দপ্তরে e-mail ([pedp4dphe@gmail.com](mailto:pedp4dphe@gmail.com)) মারফত প্রেরণ করার জন্য অনুরোধ করা হল। উল্লেখ্য যে, প্রেরিত excel ফরম্যাটের ফাইলটি পূরণ পূর্বক প্রেরণ করতে হবে এবং ভবিষ্যতের জন্য সংরক্ষণ করতে হবে।

সংযুক্ত ফরমটি পূরণের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনা মেনে চলতে হবে।

**ওয়াশব্লক নির্মাণ কাজের তথ্য পূরণের নির্দেশনাঃ**

- ১) প্রকল্পের নাম পূরণের ক্ষেত্রে সংযুক্ত ছকের প্রদত্ত ড্রপ ডাউন লিস্ট থেকে প্রকল্পের নাম প্রদান করতে হবে। যদি কোন বিদ্যালয় সংশ্লিষ্ট ০৩টি প্রকল্পের না হয় তাহলে N/A সিলেক্ট করতে হবে।
- ২) ওয়াশব্লকের ধরন নির্বাচনের ক্ষেত্রে কোন প্রকারের ওয়াশব্লক নির্মাণ করা হয়েছে তা ড্রপ ডাউন লিস্ট থেকে সিলেক্ট করতে হবে। যদি কোন তথ্য না থাকে তাহলে N/A সিলেক্ট করতে হবে।
- ৩) যদি ওয়াশব্লকের ধরন Isolated (Case-3) হয় তাহলে কোন ধরনের ওয়াশব্লক নির্মাণ করা হয়েছে তা ড্রপ ডাউন লিস্ট থেকে সিলেক্ট করতে হবে। যদি কোন তথ্য না থাকে তাহলে N/A সিলেক্ট করতে হবে।
- ৪) প্যাকেজ নাম্বারের ক্ষেত্রে শুধু নাম্বার লিখতে হবে কোন প্রকার Alphabet ব্যবহার করা যাবে না।
- ৫) প্রতিটি বিদ্যালয় যে প্যাকেজের অন্তর্ভুক্ত তার দরপত্র আইডি লিখতে হবে।
- ৬) সংশ্লিষ্ট প্যাকেজের মোট বিদ্যালয় সংখ্যা উল্লেখ করতে হবে।
- ৭) একটি প্যাকেজের প্রাক্কলিত মূল্য/চুক্তিমূল্য/পরিশোধিত বিল লক্ষ টাকায় বিদ্যালয় ভিত্তিক হতে হবে। যেমন ১০টি বিদ্যালয়ের একটি প্যাকেজের প্রাক্কলিত মূল্য ১,৮০,০০,০০০/- টাকা হলে প্রতি বিদ্যালয়ের জন্য প্রাক্কলিত মূল্যের ঘরে ১৮.০০ লিখতে হবে।
- ৮) Date format (Date/Month/Year) এই ভাবে পূরণ করতে হবে।

**পানির উৎস স্থাপন কাজের তথ্য পূরণের নির্দেশনাঃ**


- ১) প্রকল্পের নাম পূরণের ক্ষেত্রে সংযুক্ত ছকের প্রদত্ত ড্রপ ডাউন লিস্ট থেকে প্রকল্পের নাম প্রদান করতে হবে। যদি কোন বিদ্যালয় সংশ্লিষ্ট ০৩টি প্রকল্পের না হয় তাহলে N/A সিলেক্ট করতে হবে।
- ২) পানির উৎস স্থাপনের ধরন নির্বাচনের ক্ষেত্রে কোন প্রকারের পানির উৎস স্থাপন করা হয়েছে তা ড্রপ ডাউন লিস্ট থেকে সিলেক্ট করতে হবে। যদি কোন তথ্য না থাকে তাহলে N/A সিলেক্ট করতে হবে।
- ৩) পানির উৎস স্থাপন কাজের গভীরতা আবশ্যিকভাবে পূরণ করতে হবে।
- ৪) Tube Well এর Progress Report এ Hand Over দেখানো হলে Water Test Report আবশ্যিকভাবে পূরণ করতে হবে।
- ৫) একটি প্যাকেজের প্রাক্কলিত মূল্য/চুক্তিমূল্য/পরিশোধিত বিল লক্ষ টাকায় বিদ্যালয় ভিত্তিক হতে হবে। যেমন ১০টি বিদ্যালয়ের একটি প্যাকেজের প্রাক্কলিত মূল্য ১,৮০,০০,০০০/- টাকা হলে প্রতি বিদ্যালয়ের জন্য প্রাক্কলিত মূল্যের ঘরে ১৮.০০ লিখতে হবে।
- ৬) Date format (Date/Month/Year) এই ভাবে পূরণ করতে হবে

সহকারী/উপ-সহকারী প্রকৌশলী  
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর  
সকল উপজেলা।


স্মারক নং- ৪২৪/৩

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

- ১। ফোকাল পয়েন্ট, GPS-1/NNGPS-1/PEDP-4 প্রকল্প, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ২। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সকল জেলা।
- ৩। সংস্থাপন শাখা, অত্র কার্যালয়, ঢাকা।

  
(এস.এম. ওয়াহিদুল ইসলাম)  
অতিরিক্ত প্রধান প্রকৌশলী ও ফোকাল পয়েন্ট  
প্রাথমিক শিক্ষা ইউনিট

তারিখঃ ২৪-১-০২/২০২০খ্রিঃ

  
(এস.এম. ওয়াহিদুল ইসলাম)  
অতিরিক্ত প্রধান প্রকৌশলী ও ফোকাল পয়েন্ট  
প্রাথমিক শিক্ষা ইউনিট